# Fixcef™
Cefuroxime BP

## Composition
**Fixcef™250 Tablet**: Each film coated tablet contains Cefuroxime Axetil BP equivalent to Cefuroxime 250 mg.

**Fixcef™500 Tablet**: Each film coated tablet contains Cefuroxime Axetil BP equivalent to Cefuroxime 500 mg.

**Fixcef™Powder for Suspension**: After reconstitution each 5 ml suspension contains Cefuroxime Axetil BP equivalent to Cefuroxime 125 mg.

## Pharmacology
Cefuroxime is one of the bactericidal second generation cephalosporin antibiotic which is active against a wide range of Gram-positive and Gram-negative susceptible organisms including many beta-lactamase producing strains. It is indicated for the treatment of infections caused by sensitive bacteria.

## Indications
Pharyngitis/tonsillitis, Acute bacterial otitis media, Acute bacterial maxillary sinusitis, Lower respiratory tract infections including pneumonia, Acute bacterial exacerbations of chronic bronchitis and secondary bacterial infections of acute bronchitis, Skin and Skin-Structure Infections, Bone and Joint Infections, Gonorrhea, Early Lyme disease, Septicemia, Meningitis, Surgical Prophylaxis.

## Dosage & Administration
### Oral

| INFECTIONS | DOSAGE | DURATION |
|---|---|---|
| Tablet (May be administered without regard to meals) | | |
| ***Adolescents & adults(13 years & above)*** | | |
| Pharyngitis or Tonsillitis | 250 mg twice daily | 5 - 10 days |
| Acute bacterial maxillary sinusitis | 250 mg twice daily | 10 days |
| Acute bacterial exacerbation of chronic bronchitis | 250 - 500 mg twice daily | 10 days |
| Secondary bacterial infections of acute bronchitis | 250 - 500 mg twice daily | 5 - 10 days |
| Uncomplicated skin & skin-structure infections | 250 - 500 mg twice daily | 10 days |
| Uncomplicated urinary tract infection | 125 - 250 mg twice daily | 7 - 10 days |
| Uncomplicated gonorrhea | 1000 mg single dose | - - - |
| Lyme disease | 500 mg twice daily | 20 days |
| ***Paediatric patients (Upto12 years)*** | | |
| Acute otitis media | 250 mg twice daily | 10 days |
| Acute bacterial maxillary sinusitis | 250 mg twice daily | 10 days |
| **Suspension** | | |
| ***Paediatric patients (3 months to 12 years)*** | | |
| Pharyngitis or Tonsillitis | 20 mg/kg/day in two divided doses | 5-10 days |
| Acute otitis media | 30 mg/kg/day in two divided doses | 10 days |
| Acute bacterial maxillary sinusitis | 30 mg/kg/day in two divided doses | 10 days |

**or as directed by the physicians.**

## Contraindication
Cefuroxime is contraindicated in patient with known hypersensitivity on to the β-lactam anti-bacterial drug.

## Warnings & Precautions
Cefuroxime should be given with care to patients receiving concurrent treatment with potent diuretics & who have history of colitis.

## Side Effects
A few side effects like nausea, vomiting, diarrhoea, abdominal discomfort or pain may occur. Rarely (<0.2%) renal dysfunction, anaphylaxis, angioedema, pruritis, rash and serum sickness like urticaria may appear.

## Use in Pregnancy & Lactation
*Pregnancy:* All antibiotics should be avoided in the first trimester if possible. However, Cefuroxime has been safely used in later pregnancy to treat urinary and other infections.

*Nursing mothers:* Cefuroxime is excreted into the breast milk in small quantities. However, the possibility of sensitizing the infant should be kept in mind.

## Use in Children & Adolescents
The safety and effectiveness of Cefuroxime has been established for paediatric patients aged 3 months to 12 years.

## Drug Interactions
Concomitant administration of probenecid with Cefuroxime increases the area under the serum concentration versus time curve by 50%.

## Overdosage
Overdosage of Cefuroxime can cause cerebral irritation leading to convulsions.

## Storage
Store below 30°C, away from light & in a dry place. Keep all medicines out of the reach of children.

## Packing
**Fixcef™250 Tablet**: Each box contains 2 X 7 tablets Alu-Alu blister and an insert.

**Fixcef™500 Tablet**: Each box contains 2 X 7 tablets Alu-Alu blister and an insert.

**Fixcef™Powder for Suspension**: Each bottle contains Cefuroxime Axetil powder to be reconstituted into 70 ml suspension and an insert.

Manufactured by:
**Navana Pharmaceuticals PLC.**
Rupshi, Rupganj, Narayanganj, Bangladesh
NCLT0474_02-24_03

NAVANA PHARMA

# ফিক্সসেফ™
সেফুরক্সিম বিপি

## উপাদান
**ফিক্সসেফ™২৫০ ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে রয়েছে সেফুরক্সিম এক্সেটিল বিপি যা ২৫০ মি.গ্রা. সেফুরক্সিম এর সমতুল্য।

**ফিক্সসেফ™৫০০ ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে রয়েছে সেফুরক্সিম এক্সেটিল বিপি যা ৫০০ মি.গ্রা. সেফুরক্সিম এর সমতুল্য।

**ফিক্সসেফ™সাসপেনশন তৈরীর পাউডার:** প্রস্তুতির পর প্রতি ৫ মি.লি. সাসপেনশনে থাকে সেফুরক্সিম এক্সেটিল বিপি যা ১২৫ মি.গ্রা. সেফুরক্সিম এর সমতুল্য।

## ফার্মাকোলজী
সেফুরক্সিম একটি দ্বিতীয় প্রজন্মের সেফালোস্পোরিন ব্যাকটেরিসাইডাল এ্যান্টিবায়োটিক যা অধিকাংশ বিটা-ল্যাকটামেজ নিঃসরণকারী শ্রেণীসহ বিস্তৃত ব্যপ্তিতে গ্রাম-পজিটিভ ও গ্রাম-নেগেটিভ ব্যাকটেরিয়ার বিরুদ্ধে কার্যকর। সংবেদনশীল জীবাণু দ্বারা সংক্রমিত রোগের চিকিৎসায় এটি ব্যবহৃত হয়।

## নির্দেশনা
ফ্যারিনজাইটিস্/টনসিলাইটিস, একিউট ব্যাকটেরিয়াল ওটাইটিস মিডিয়া, একিউট ব্যাকটেরিয়াল ম্যাক্সেলারী সাইনুসাইটিস, শ্বসনতন্ত্রের নিম্নাংশের সংক্রমণ গুলোর মধ্যে রয়েছে নিউমোনিয়া, একিউট ব্যাকটেরিয়াল এক্সাজারবেশন অফ ক্রনিক ব্রংকাইটিস এবং সেকেন্ডারী ব্যাকটেরিয়াল ইনফেকশন অফ একিউট ব্রংকাইটিস, চর্ম ও চর্ম রোগ সংক্রান্ত সংক্রমণ,অস্থি এবং অস্থিসন্ধির সংক্রমণ, মূত্রতন্ত্রের সংক্রমণ, গনোরিয়া, আর্লি লাইম ডিজিজ, সেপ্টিসেমিয়া, মেনিনজাইটিস, সার্জিক্যাল প্রফ্যাইল্যাক্সিস।

## মাত্রা ও সেবনবিধি
### মুখে সেব্য

| সংক্রমণ | সেবনমাত্রা | সময় |
|---|---|---|
| **ট্যাবলেট** (ওষুধ গ্রহণের সাথে খাদ্য গ্রহণের সম্পর্ক নেই) | | |
| পূর্ণবয়স্কদের ক্ষেত্রে (১৩ বৎসর বা তদুর্দ্ধ) | | |
| কন্ঠনালী বা টন্সিলে প্রদাহ | ২৫০ মি.গ্রা. দিনে ২ বার | ৫-১০ দিন |
| একিউট ব্যাকটেরিয়াল ম্যাক্সেলারী সাইনুসাইটিস | ২৫০ মি.গ্রা. দিনে ২ বার | ১০ দিন |
| ক্রনিক ব্রংকাইটিসের তীব্র সংক্রমণ | ২৫০ - ৫০০ মি.গ্রা. দিনে ২ বার | ১০ দিন |
| তীব্র ব্রংকাইটিসের আনুষঙ্গিক সংক্রমণ | ২৫০ - ৫০০ মি.গ্রা. দিনে ২ বার | ৫ - ১০ দিন |
| চর্ম ও চর্ম সংক্রান্ড় সংক্রমণ | ২৫০ - ৫০০ মি.গ্রা. দিনে ২ বার | ১০ দিন |
| মূত্রতন্ত্রের সাধারণ সংক্রমণ | ১২৫ - ২৫০ মি.গ্রা. দিনে ২ বার | ৭ - ১০ দিন |
| সাধারণ গনোরিয়া | ১০০০ মি.গ্রা. -এর ১টি ডোজ | - - - |
| লাইম ডিজিজ | ৫০০ মি.গ্রা. দিনে ২ বার | ২০ দিন |
| শিশুদের ক্ষেত্রে (১২ বৎসর বয়স পর্যন্ড়) | | |
| তীব্র মধ্য কর্ণ প্রদাহ | ২৫০ মি.গ্রা. দিনে ২ বার | ১০ দিন |
| একিউট ব্যাকটেরিয়াল ম্যাক্সেলারী সাইনুসাইটিস | ২৫০ মি.গ্রা. দিনে ২ বার | ১০ দিন |
| **সাসপেনশন** | | |
| শিশুদের ক্ষেত্রে (৩ মাস - ১২ বৎসর) | | |
| কন্ঠনালী বা টন্সিল প্রদাহ | ২০ মি.গ্রা./কেজি প্রতিদিন, ২টি সমবিভক্ত মাত্রায় | ৫ - ১০ দিন |
| তীব্র মধ্য কর্ণ প্রদাহ | ৩০ মি.গ্রা./কেজি প্রতিদিন, ২টি সমবিভক্ত মাত্রায় | ১০ দিন |
| একিউট ব্যাকটেরিয়াল ম্যাক্সেলারী সাইনুসাইটিস | ৩০ মি.গ্রা./কেজি প্রতিদিন, ২টি সমবিভক্ত মাত্রায় | ১০ দিন |

**অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।**

## প্রতিনির্দেশনা
সেফুরক্সিম অথবা অন্যান্য β-ল্যাকটাম অ্যান্টি-ব্যাকটেরিয়াল ওষুধের প্রতি অতিসংবেদনশীল রোগীদের জন্য সেফুরক্সিম প্রতিনির্দেশিত।

## সাবধানতা ও সতর্কতা
পোটেন্ট ডাইউরেটিক সেবন করছেন এবং সুডোমেমব্রেনাস কোলাইটিসের ইতিহাস আছে এমন রোগীদের ক্ষেত্রে সেফুরক্সিম সতর্কতার সাথে ব্যবহার করতে হবে।

## পার্শ্বপ্রতিক্রিয়া
কিছু পার্শ্ব প্রতিক্রিয়া যেমন বমি-বমি ভাব, বমি, ডায়রিয়া, অস্বস্থি বা পেটে ব্যথা হতে পারে। বিরলভাবে (<০.২%) বৃক্কের অকার্যকারিতা, এ্যানাফাইলেক্সিস, এ্যানজিওইডিমা, প্রুরাইটিস, র‍্যাশ ও সেরাম সিকনেস যেমন-আর্টিকেরিয়া দেখা দিতে পারে।

## গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালীন ব্যবহার
***গর্ভাবস্থায়:*** গর্ভাবস্থায় প্রথম ৩ মাস সকল এ্যান্টিবায়োটিক পরিহার করা উচিত। তদুপরি মূত্রতন্ত্র ও অন্যান্য সংক্রমণের ক্ষেত্রে গর্ভাবস্থার শেষদিকে নিরাপদভাবে সেফুরক্সিম ব্যবহার করা যায়।

***স্তন্যদানকালে:*** সেফুরক্সিম স্বল্প পরিমাণে মাতৃদুগ্ধের সাথে নিঃসৃত হয়। তদুপরি শিশুর দেহে সংবেদনশীলতার সম্ভাব্যতার কথা মনে রাখা উচিত।

## শিশু এবং বয়ঃসন্ধিকালীন ব্যবহার
সেফুরক্সিমের সুরক্ষা ও কার্যকারিতা ৩ মাস থেকে ১২ বছর বয়সী শিশু রোগীদের জন্য প্রতিষ্ঠিত।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া
প্রবেনেসিডের সাথে একত্রে ব্যবহার সময়ের প্রেক্ষিতে সেফুরক্সিম-এর সেরাম ঘনত্ব ৫০% বৃদ্ধি করে।

## অতিমাত্রা
সেফুরক্সিম-এর মাত্রাধিক্য মস্তিষ্কে প্রদাহজনিত খিঁচুনির উদ্রেক করতে পারে।

## সংরক্ষণ
৩০°সে. তাপমাত্রার নিচে, আলো থেকে দূরে ও শুষ্ক স্থানে রাখুন। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

## মোড়ক
**ফিক্সসেফ™২৫০ ট্যাবলেট:** প্রতিটি বাক্সে রয়েছে ২ x ৭ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিষ্টার প্যাকে এবং একটি নির্দেশিকা।

**ফিক্সসেফ™৫০০ ট্যাবলেট:** প্রতিটি বাক্সে রয়েছে ২ x ৭ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিষ্টার প্যাকে এবং একটি নির্দেশিকা।

**ফিক্সসেফ™সাসপেনশন তৈরীর পাউডার:** প্রতিটি বোতলে রয়েছে ৭০ মি.লি. সাস্পেনশন তৈরির প্রয়োজনীয় সেফুরক্সিম এক্সেটিল পাউডার এবং একটি নির্দেশিকা।

প্রস্তুতকারক:
**নাভানা ফার্মাসিউটিক্যালস্ পিএলসি.**
রূপসী, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ

নাভানা ফার্মা